

# শুধু তুমি .....

ড. শামস্ রহমান

ছিল মেঘ মুক্ত আকাশ,  
হলুদ সাগরের দক্ষিণা বাতাস।  
মুক্তা ছড়ানো বালির বালি,  
নাতিশীতল সন্ধ্যায় সুরভিত কলি।

এসবই ছিল দুজনার জন্যে।

ছিল ইকিবেনায় সাজানো ফুল,  
সারি সারি সুশি মাপে নির্ভুল।  
হেটে হেটে মাথা নত,  
কথায় কথায় কূর্নিশ শত শত।

এসবই ছিল দুজনার জন্যে।

ছিল সময়ের সীমা অসীম,  
ভাবনার দিগন্ত দিগন্তহীন।  
রাতভর আলো-ছায়ায় ষাটের 'বুজ'  
লুই আর্মস্ট্রং'এর 'টি-ফর্-টু'জ'।

এসবই ছিল দুজনার জন্যে।

ছিল মন্দিরে বুদ্ধ শত শত,  
মানুষ শত সহস্র, দেবতায় তৃষ্ণার্ত।  
গৌতম সিদ্ধার্থ তত বেশী,  
যত দূরে হয়েছে সে পরদেশী।

এসবই ছিল দুজনার জন্যে।

শুধু তুমি.....